

USHA®

বাচ্চা মেয়ে পোষাক

এই টিউটোরিয়ালে আপনি শিখবেন কিভাবে আপনার ছোট মেয়েটার জন্য ড্রেস বানাবেন।



আপনি যদি সেই সৌভাগ্যবানদের একজন হয়ে থাকেন যাদের ছোট্ট একটা মেয়ে রয়েছে, যে হচ্ছে আপনার নিজের ভূবনের কেন্দ্রবিন্দু, আমরা নিশ্চিত যে, আপনি আপনার সবচেয়ে প্রিয় ছোট্টমনিকে দুনিয়ার সামনে দর্শনীয় ভাবে তুলে ধরতে চাইবেন! আপনারা সবাই যারা শাব্দিক অর্থেই তাকে স্নেহ জড়ানো মোহনীয় পোষাক পড়াতে চান, তার সব কিছু নিয়ে এই অনুশীলনটা। কিভাবে আপনার ছোট্ট মেয়েটার জন্য ড্রেস বানাবেন তা এই ভিডিও থেকে শিখতে পারবেন। তাহ'লে চলুন, এই অতি-সুন্দর আর অতি-আকর্ষণীয় হাল জামানার ড্রেস বানানো শুরু করা যাক।

আপনার 'ড্রেস টেম্পলেট' এর দরকার হবে, যেটা আমাদের ঔষধংব.পড়স এই ওয়েব সাইট থেকে নামিয়ে নিতে পারেন.

ড্রেস বানাতে আপনার দরকার পড়বে ৪ ৩০ ইঞ্চি লম্বা এবং পুরোটাই ৪৫-৫০ ইঞ্চি চওড়া এমন এক খন্ড কাপড়, কিছু সেফটি পিন, সাজানোর জন্য ব্রোঞ্জ, ১ ইঞ্চি চওড়া মাপের ২ * ৪২ ইঞ্চি লম্বা রিবন, কিছু সূতা, মাপার ফিতা, মার্কার এবং কাঁচি একটি

কাপড় কে চার ভাঁজ করুন এই ভাবে

ভাঁজ করা কাপড় এর ওপর টেম্পলেট রাখুন.... এই পয়েন্ট থেকে এই পয়েন্ট পর্যন্ত হচ্ছে পোষাক এর লম্বা. নীচের পয়েন্ট থেকে টেম্পলেট এর শেষ প্রান্ত পর্যন্ত হচ্ছে নীচের হেম এর ঘের।



একই ভাবে, উপরের মার্কা দেয়া লাইনের পরের জায়গা এবং প্রান্ত পর্যন্ত হচ্ছে উপরের কেসিং এর ঘের। এই হলো হাতার ছিদ্রের লাইন এবং পার্শ্বও সিম।
দ্বিতীয় লাইনটি হলো বাড়তি সহ বুকের লেভেল এবং সীমের ঘের।

(বেডেড পিন গুলে দিয়ে টেম্পলেট কে কাপড়ের ওপর আটকে নিন এবং মার্কার দিয়ে, টিউটোরিয়ালে দেখানো মত করে, এটার আউটলাইন এঁকে নিন

মার্কা দেয়া লাইন ধরে কাটুন। পিন গুলো তুলে ফেলুন। কাপড়ের ভাঁজ খুলে টুকরো দুটো আলাদা করে নিন। এখন, এখানে যেমনটা দেখছেন --- হাতার ছিদ্রের সিমের ঘের কে 1/8 ইঞ্চি মাপে ডাবল ভাঁজ করে পিন দিয়ে আটকে দিন। অপর পাশে ও একই ভাবে ভাঁজ করুন। কাপড়ের অন্য খন্ড টির দুই প্রান্তে একই ধরনের ভাঁজ করুন।

এখন, এই ভাঁজ করা প্রান্ত গুলো সেলাই করার সময় হয়েছে।
প্যাটার্ন সিলেক্টর ডায়াল থেকে স্টিচ প্যাটার্ন 'এ' সিলেক্ট করুন এবং স্টিচ লেংথ ২.৫ সেট করুন

ভাঁজ করা প্রান্ত গুলো সেলাই করে ফেলুন। সেলাই করার সময় পিন গুলো খোলার কথা অবশ্যই খেয়াল রাখুন।


এই হচ্ছে ড্রেসের হাতা লাগানোর ছিদ্র। (দুই খন্ড কাপড়ের ই চার ভাঁজ করা সব প্রান্ত গুলো সেলাই করুন। এরপর, উপরের কেসিং এর ঘের আধা ইঞ্চি মত করে ভাঁজ করবেন; এবং আবার দেড় ইঞ্চি করে ভাঁজ দিয়ে পিন দিয়ে আটকে দিন। কাপড়ের অন্য খন্ড টির বেলাতে ও একই কাজ গুলো করবেন।

এরপর কেসিং বরাবর পিনবদ্ধ কর্নারগুলো ধরে দুইটি টুকরা একই সাথে সেলাই করুন।

'প্যাটার্ন সিলেক্টর ডায়াল' থেকে স্টিচ প্যাটার্ন 'এ' এবং স্টিচ লেংথ ২.৫ সেট করে আমরা এখন সোজা সেলাই ব্যবহার করবো।

সেলাই করার সময় পিন গুলো খোলার কথা খেয়াল রাখুন। এরপর, আমরা দুই টুকরো কাপড়ের সিম বরাবর একত্রে সেলাই করবো।

খেয়াল রাখবেন যেন কাপড়ের টুকরো দুটির ডান পাশ যেন একত্রে মিল মত থাকে।





মেশিনের সেটিং একই থাকবে, এবার উল্টো সেলাই দিয়ে শুরু করবেন এবং দু খন্ড কাপড়ই একত্রে সেলাই করবেন। উল্টো সেলাই দিয়ে শেষ করার কথা মনে রাখবেন।

অন্য পাশটা ও সেলাই করে ফেলুন।

হেমের ঘের আধা ইঞ্চি মত করে ভাঁজ করবেন; এবং আবার দেড় ইঞ্চি করে ভাঁজ দিয়ে পিন দিয়ে আটকে দিন। এবার, ড্রেসের হেম লাইন সেলাই করবেন। সেলাই করতে করতে পিন গুলো খুলে নিন।

কিনারা গুলো পরিচ্ছন্ন ফিনিশ দেয়ার জন্য আমরা জিগ-জ্যাগ স্টিচ ব্যবহার করবো। 'প্যাটার্ন সিলেক্টর ডায়াল' থেকে 'সি' এবং স্টিচ লেংথ ১.৫ সেট করে নিন। ড্রেসের দুই দিকের সিম বরাবর জিগ-জ্যাগ স্টিচ করবেন।

সেলাই এর কাজ টা এখন শেষ - কাজটা এখন সম্পূর্ণ করুন - উপরের ভাঁজের ফলে এখানে তৈরী হওয়া টানেল কেসিং ভিতরে রিবন ডুকান।

টিউটোরিয়ালে দেখানো মত করে সেফটি পিনের সাহায্যে রিবন কেসিং এর ভিতরে প্রবেশ করান। অন্য পাশে ও আরেকটি রিবন দিয়ে একই ভাবে করবেন

ড্রেস টি উল্টিয়ে সোজা দিক বের করবেন।

রিবনগুলো টানুন জামাতে কিছু গেদার পাওয়ার জন্য। দুই পাশে, রিবনের শেষ প্রান্তে একটি গিঁট দিন ঠিক এইভাবে সুন্দর বৌ তৈরি করুন। স্টাপগুলো সহায়তা করবে ঘার এবং হাতের ছিন্দ্র তৈরি করতে।

জামাতে ব্রোঞ্জটা পিন করুন।

আপনার তৈরি ভালবাসার ছোট ড্রেসটা এখন প্রস্তুত -যেমনটা আপনি এখন যা করলেন? এখন সময় আপনার ছোট মেয়েটি সুন্দর এই নতুন ড্রেসটি পড়ানোর। বিভিন্ন ধরনের প্রিন্টেড ফ্যাব্রিক এবং অলঙ্কারে সাজানো ব্রোঞ্জ বাছাই করে আপনার সন্তানের পছন্দ করে এমন ড্রেস তৈরি করুন। আসলে, এক ধাপ এগিয়ে যান এবং আমরা আপনাকে যা শিখিয়েছি এই সমস্ত ব্যবহার করেন এবং বিভিন্ন পোশাক তৈরি করুন যাতে আপনার মেয়েকে রাজকুমারী লাগে।

